

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ-এর সাথে সৌদি আরবের ডেপুটি ইন্টেরিয়র মিনিস্টার ড. নাসের আল দাআদ-এর বৈঠক অনুষ্ঠিত

প্রেস রিলিজ

জেদ্দা, সৌদি আরব: ১৮ সেপ্টেম্বর ২০১৯

গতকাল দুপুরে সৌদি আরবের জেদ্দায় বাংলাদেশের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ এমপি'র সাথে কিংডম অফ সৌদি আরবের ডেপুটি ইন্টেরিয়র মিনিস্টার ড.নাসের এ আল দাআদের এক ফলপ্রসূ বৈঠক অনুষ্ঠিত হয়েছে। অত্যন্ত আন্তরিক ও সৌহার্দ্য পূর্ণভাবে দুইদেশের মন্ত্রী পর্যায়ের এ বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

বৈঠকে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ এমপি, সৌদি আরবে অবস্থানরত বাংলাদেশি কর্মীদের সুবিধা-অসুবিধার বিভিন্ন ইস্যু নিয়ে আলোচনা করেন। তিনি দুই দেশের জয়েন্ট ওয়ার্কিং কমিটির মিটিং এর ব্যাপারে তাগিদ দেন এবং দুই দেশের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সমন্বয়ে একটি যৌথ সভা করার গুরুত্ব আরোপ করেন। এর প্রেক্ষিতে সৌদি আরবের ডেপুটি ইন্টেরিয়র মিনিস্টার ড. নাসের এ আল দাআদ বলেন, দ্রুততম সময়ের মধ্যেই এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ এমপি বাংলাদেশ থেকে সৌদি আরবে আরো বেশী কর্মী নেওয়ার আহবান করলে সৌদি আরবের ডেপুটি ইন্টেরিয়র মিনিস্টার এ ব্যাপারে ইতিবাচক আশ্বাস দেন। সৌদি আরবের ডেপুটি ইন্টেরিয়র মিনিস্টার আরো উল্লেখ করেন, বাংলাদেশ ও সৌদি আরবের মধ্যকার সম্পর্ক অত্যন্ত নিবিড়, ঘনিষ্ঠ ও ভ্রাতৃত্বপূর্ণ।

এছাড়াও বৈঠকে মুসলিম উম্মাহ'র ভ্রাতৃত্ব, ঐক্য, সংহতি ও পারস্পরিক সহযোগিতার বিষয়ে আলোচনা হয়েছে।

বৈঠকে আরো উপস্থিত ছিলেন সৌদি আরবে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত গোলাম মসিহ, সৌদি আরবের ইন্টেরিয়র মিনিস্ট্রির সচিব(ইন্টেরিয়র-সিকিউরিটি) মিঃ মোহাম্মা, ইন্টেরিয়র মিনিস্টারের এডভাইজার ড. আব্দুল্লাহ বিন ফাখরি আল আনছারি, জেদ্দায় নিযুক্ত বাংলাদেশ দূতাবাসের কাউন্সেল জেনারেল এফ এম বোরহান উদ্দিন, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের যুগ্মসচিব মোঃ যাহিদ হোসেন প্রমুখ।

